

প্রিয় বাসিন্দা,

নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষের (New York City Housing Authority, NYCHA) সম্পত্তি ব্যবস্থাপনা অফিসগুলি (Property Management Office) খোলা আছে, কিন্তু সামাজিক দূরত্ব বজায় রাখার সেরা অনুশীলনগুলি আরও বেশি প্রয়োগ করার জন্য আমরা প্রতিটি অফিসে কর্মীর সংখ্যা কমিয়েছি এবং আমরা কর্মী ও বাসিন্দাদের মধ্যে প্রত্যক্ষ যোগাযোগের সাক্ষাৎগুলি স্থগিত রেখেছি।

ব্যবস্থাপনা অফিসের (Management Office) কর্মীরা টেলিফোন, ইমেল দ্বারা এবং রিসেপশন ডেস্কের পিছন থেকে কর্মীদের সঙ্গে কথা বলার জন্য সূচিভুক্ত অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে বাসিন্দাদের সহায়তা করা চালিয়ে যাবেন।

সম্পত্তি ব্যবস্থাপনা অফিসগুলি অফিসে বা ইমেলের মাধ্যমে কাগজপত্র গ্রহণ করবে; তারা ফোনের মাধ্যমে বা অফিসে গোপনীয় তথ্য আলোচনা করার জন্য উপলব্ধ থাকবেন; তারা বাড়ি খালি করার আগ্রহের বিজ্ঞপ্তি গ্রহণ করবেন এবং চাবি ফেরত নেবেন, এবং সিলিন্ডার/মেলবক্সের পরিবর্তন বা চাবির কপির অন্য অনুরোধগুলি গ্রহণ করবেন; এবং তারা বার্ষিক উইন্ডো গার্ড সংক্রান্ত বিজ্ঞপ্তি (Annual Window Guard Notice) ও 6 বছরের কম বয়সী শিশুর সমীক্ষার (Child Under 6 Survey) প্রত্যুত্তর গ্রহণ করবেন।

ব্যক্তিগতভাবে কোনো ভাড়া সংগ্রহ করা হবে না। ডাকযোগে, ফোনে, MyNYCHA অ্যাপের মাধ্যমে এবং অনলাইনে অনুমোদিত ব্যাংকগুলির মাধ্যমে ভাড়া পরিশোধ করতে হবে। আপনি যদি আপনার ভাড়া পরিশোধ করার বিষয়ে উদ্বিগ্ন হন অথবা আর্থিক অসচ্ছলতার শিকার হন, তাহলে আপনি যে কর্মসূচিগুলির জন্য যোগ্য হতে পারেন সেগুলির বিষয়ে আরো তথ্যের জন্য অনুগ্রহ করে <https://nychajournal.nyc/guidance-to-public-housing-residents-on-rent-hardships/> এ যান।

### **NYCHA উন্নয়ন পরিষেবার আপডেট**

তাপ, গরম জল/পানি ও জল/পানির সব পরিকল্পিত আউটেজগুলি পরবর্তী বিজ্ঞপ্তি পর্যন্ত স্থগিত রাখা হলেও, **বিশেষ হিটিং ও এলিভেটর কর্মীরা ও অন্যান্য আপৎকালীন দলগুলি 24/7 পরিষেবা দেওয়া ও মেরামত করা চালিয়ে যাবেন।**

NYCHA কর্মীরা উন্নয়নগুলিতে ও অ্যাপার্টমেন্টে আপৎকালীন রক্ষণাবেক্ষণ ও মেরামত করা চালিয়ে যাবেন।

- আমরা আপৎকালীন কাজের আদেশে সাড়া দেবো, যার অন্তর্ভুক্ত হল **তাপ ও গরম জল/পানি না থাকার অবস্থা, জল/পানি লীক হওয়া, গ্যাস লীক হওয়া, বন্যার পরিস্থিতি, স্টপেজ, বিদ্যুৎ সংক্রান্ত সমস্যা ও বিপজ্জনক অবস্থা।**
- আমরা নিম্নলিখিত সুনির্দিষ্ট অবস্থাগুলি সংশোধন করার জন্য কাজের আদেশে সাড়া দেবো: পুরো অ্যাপার্টমেন্টে বিদ্যুৎ না থাকা; রান্নাঘর বা বাথরুমকে প্রভাবিত করে এমন আংশিক বিদ্যুৎ থাকা; দেয়াল থেকে ক্যাবিনেট খুলে পড়া; কীটপতঙ্গের বাসা তৈরি হওয়া; স্টেড বা রেফ্রিজারেটর কাজ না করা; ধোঁওয়া/কার্বন মোনোক্সাইড সনাক্তকারী যন্ত্র কাজ না করা; উইন্ডো গার্ড হারিয়ে যাওয়া/আলগা হওয়া; অ্যাপার্টমেন্টের দরজা কাজ না করা।
- আমরা সীসার সমস্যা সমাধান করব, এবং 92 টি উন্নয়নে শুধুমাত্র সেই সব ইউনিটে ধুলো মোছার নমুনা সংগ্রহ করব যেখানে আমরা অনুমান করি যে সীসা-ভিত্তিক রঙ আছে এবং 6 বছরের কম বয়সী একটি শিশু বাস করে বা পরিদর্শন করে ও/বা যেখানে XRF পরীক্ষায় একটি হ্যাঁবাচক ফলাফল পাওয়া গেছে, সেখানে 6 বছরের কম বয়সী একটি শিশু বাস বা পরিদর্শন করুক বা না করুক।

- আমরা আদালতে আদেশ, তীব্রতা হ্রাস করা বা অন্যান্য লংঘনের জন্য একজন কমিশনারের আদেশের ফলস্বরূপ বা আমাদের নিজস্ব অনুবর্তিতা প্রক্রিয়ার মাধ্যমে তৈরি হওয়া অত্যাবশ্যিক কাজের আদেশ সম্পাদন করব।

বাসিন্দারা আপৎকালীন পরিস্থিতির বিষয়ে জানাতে গ্রাহক যোগাযোগ কেন্দ্রে (Customer Contact Center, CCC) 718-707-7771 নম্বরে ফোন করতে পারেন।

ওপরে উল্লিখিত পরিষেবা দেওয়া ও মেরামতগুলির জন্য বাসিন্দাদের অ্যাপার্টমেন্টে পরিদর্শনরত NYCHA কর্মীরা অ্যাপার্টমেন্টে প্রবেশ করার আগে সতর্কতামূলক ব্যবস্থা নেবেন, যার অন্তর্ভুক্ত হল বাসিন্দাদের স্বাস্থ্য সম্বন্ধে জিজ্ঞাসা করা এবং সামাজিক দূরত্ব বজায় রাখা।

বাসিন্দাদের অ্যাপার্টমেন্টে কাজ করার সময় কর্মীরা মাস্ক বা দস্তানা পরতে পারেন এবং মেরামতের সময় হাওয়া চলাচল বাড়ানোর জন্য জানলাগুলি খুলে দিতে বলতে পারেন। যদি নিরাপদ স্বাস্থ্য পরিস্থিতি সম্ভব না হয়, অথবা বাসিন্দারা প্রবেশ করতে দিতে অস্বীকার করেন, তাহলে NYCHA-কে অ্যাপার্টমেন্টের সময়সূচি পুনঃস্থির করতে হতে পারে।

কিছু আপৎকালীন পরিস্থিতিতে, তা সত্ত্বেও NYCHA কর্মীদের স্থানীয় পুলিশ পরিষেবা অঞ্চল (Police Service Area, PSA) বা অন্যান্য প্রথম প্রতিক্রিয়াকারীদের সহায়তা নিয়ে প্রবেশ করতে হতে পারে, যদি কোনো বাসিন্দা বিপদে থাকেন কিংবা গ্যাসের লাইন বন্ধ করে দেওয়ার মত কোনো নিরাপত্তাজনিত উদ্বেগের কারণে অবিলম্বে পদক্ষেপ আবশ্যিক হয়। আমরা আশা করি আপনি বুঝবেন যে আমাদেরকে অবশ্যই বাসিন্দাদের নিরাপত্তাকে সর্বপ্রথমে রাখতে হবে, এবং আপনাকে ও আপনার প্রতিবেশীদের সুরক্ষিত রাখতে এই পদক্ষেপগুলি প্রয়োজন হবে।

**অনুগ্রহ করে মনে রাখুন যে, COVID-19 ছড়িয়ে পড়া আটকানোর জন্য আমাদের যে অতিরিক্ত সতর্কতাগুলি অবশ্যই নিতে হবে সেই বিষয়ে আমরা নিউ ইয়র্ক স্টেট ও স্থানীয় কর্মকর্তাদের কাছ থেকে পরবর্তী নির্দেশনা পাওয়ার সাথে সাথে এই পরিষেবাগুলিকে আগামী দিনে পরিবর্তন করা হতে পারে।**

আমরা বাসিন্দাদের সঙ্গে সরাসরি যোগাযোগ করার মাধ্যমে COVID-19 বিষয়ক তথ্য উপলব্ধ করানো অব্যাহত রেখেছি, যার অন্তর্ভুক্ত হল রোবোকল, ইমেল, বহুভাষিক পোস্টার, MyNYCHA অ্যাপ, সোশ্যাল মিডিয়াতে দৈনিক পোস্ট, এবং বাসিন্দা, কর্মী ও সর্বজনীন ওয়েবসাইটগুলিতে (যেমন [www.nyc.gov/nycha](http://www.nyc.gov/nycha)) পোস্টের মাধ্যমে।

আপনার কোনো জরুরি মেরামতের প্রয়োজন থাকলে অনুগ্রহ করে গ্রাহক যোগাযোগ কেন্দ্রে (CCC) 718-707-7771 নম্বরে ফোন করুন। প্রশিক্ষিত প্রতিনিধিরা সপ্তাহের 7 দিন, প্রতিদিন 24 ঘণ্টা উপলব্ধ আছেন।

আপনার নিরন্তর সহযোগিতা, সহায়তা ও মূল্যবান মতামতের জন্য আমরা আপনাকে ধন্যবাদ জানাই। আমরা একসাথে আমাদের NYCHA জনসমাজকে নিরাপদ ও সুস্থ রাখতে পারি।